গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
শেরপুর সদর, শেরপুর

শেরপুর সদর ৫ম উপজেলা পরিষদের ২৩ তম সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মোঃ রফিকুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শেরপুর সদর, শেরপুর

সভার তারিখ ও সময় ঃ ৩০/০৯/২০২১ খ্রিঃ তারিখ, সকাল ১১.০০ ঘটিকা ।

শেরপুর সদর ৫ম উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান ও সভাপতি শেরপুর সদর উপজেলা পরিষদ মাসিক সভা, জনাব মোঃ রফিকুল ইসলাম সভায় উপস্থিত বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আতিউর রহমান আতিক, মাননীয় হুইপ, জাতীয় সংসদ বাংলাদেশ ও মাননীয় সংসদ সদস্য, ১৪৩ শেরপুর-১ নির্বাচনী এলাকা ও উপদেষ্টা উপজেলা পরিষদ, শেরপুর সদর, শেরপুর মহোদয় অত্র সভায় উপস্থিত থাকায় তাকে অন্তরের অন্তঃস্থল থেকে ধন্যবাদ জ্ঞাপন করেন । সভায় উপস্থিত ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, শেরপুর সদর উপজেলার ১৪টি ইউনিয়নের ইউপি চেয়ারম্যান এবং শেরপুর সদর উপজেলার বিভিন্ন বিভাগীয় প্রধানগণকে স্বাগত জানান। সভাপতি সভার আলোচ্য সূচী মোতাবেক সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর সদর, শেরপুর জনাব মোহাম্মদ ফিরোজ আল মামুনকে অনুরোধ করেন ।

জনাব মোহাম্মদ ফিরোজ আল মামুন, উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর সদর, শেরপুর সভার আলোচ্যসূচি অনুযায়ী গত ২৬/০৮/২০২১খ্রিঃ তারিখে অনুষ্ঠিত শেরপুর সদর ৫ম উপজেলা পরিষদের ২২তম সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান ।

উক্ত কার্যবিবরণী বিস্তারিত আলোচনান্তে আংশিক সংশোধন পূর্বক কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

অতঃপর সভায় আলোচ্যসূচি মোতাবেক নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ।

ক্রঃ নং	আলোচ্য সূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
	বিভাগীয় কার্যক্রমের বিষয়ে আলোচনা	**(ক) উপজেলা প্রকৌশল অফিস ঃ** **উপজেলা প্রকৌশলী,শেরপুর সদর,শেরপুর সভায় জানান যে,** ১। ২০২০-২১ অর্থ বৎসরে শেরপুর সদর উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি/রাজস্ব) এর আওতায় পিআইসি এবং টেন্ডারের কাজ সমাপ্ত হয়েছে। ২। ২০২১-২২ অর্থ বৎসরে শেরপুর সদর উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর অনুকূলে ১ম কিস্তি বাবদ ২৪,২৪,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। উপজেলা পরিষদে রাজস্ব উন্নয়ন খাতে = ২,৮০,৫৭,০০০/- টাকা আছে। ৩। ২০২১-২২ অর্থ বৎসরে শেরপুর সদর উপজেলায় করোনা ভাইরাস (কোভিড-১৯) এর অনুকূলে ৪,২৭,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। ৪। ২০২১-২২ অর্থ বৎসরে শেরপুর সদর উপজেলার (এডিপি/রাজস্ব) এর আংশিক তালিকা পাওয়া গিয়েছে(সংযুক্ত)। ৫। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় শেরপুর সদর উপজেলার অবকাঠামো উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) (১) শেরপুর সদর উপজেলার লছমনপুর বাজারে সেডসহ সংযুক্তছোট ড্রেন নির্মাণ=১০,০০,০০০/- (২) শেরপুর সদর উপজেলার বিভিন্ন প্রতিষ্ঠানে ও রাস্তার মোড়ে সোলার স্ট্রীট স্থাপন-১০,০০,০০০/-টাকা (৩)শেরপুর সদর উপজেলার কামারেরচর বাজারে ড্রেন নির্মাণ=১০,০০,০০০/-টাকা (৪) শেরপুর সদর উপজেলার জংগলদি মোফাজ্জল হোসেন দাখিল মাদ্রাসা ও কুসুমহাটি বাজারে ওয়াসব্লক নির্মাণ=২০,০০,০০০/- (৫)শেরপুর সদর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং বিভিন্ন ইউনিয়নের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে মেডিকেল যন্ত্রপাতি ও প্রয়োজনীয় উপকরণ সরবরাহ=১০,০০,০০০/- ৩% অর্থদ্বারা নারী উন্নয়ন ফোরামের বিষয়ে আলোচনা করা হয় । ৬। সারাদেশে পুকুর খাল উন্নয়ন প্রকল্প(১ম সংশোধিত) এর অঅওতায় কাটাখালী খাল উন্নয়ন/খনন কাজ চলমান আছে । ৭।গ্রামীণ সড়কে স্টীলের চাকা ওয়ালা ট্রাক্টর এবং ১০টনের অধিক লোডের গাড়ী যাতে না চলে সে বিষয়ে আলোচনা করা হয় । এ বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বৃন্দ,উপজেলা প্রশাসকন এবং পুলিশ প্রশাসনের সহযোগিতা কামনা করেন।	সরকারী নীতিমালা অনুযায়ী বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ, উপজেলা প্রশাসন ,উপজেলা প্রকৌশলী ও চেয়ারম্যান সকল ইউ.পি ,শেরপুর সদরপুর

		৯। রাস্তার পার্শ্বে মৎস্য খামার থাকায় রাস্তার ব্যাপক ক্ষতি সাধিত হয়, অন্যদিকে রাস্তার উপর খড় শুকানো হয় ফলে রাস্তা নষ্ট হয়। এ বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বৃন্দ, উপজেলা প্রশাসন এবং পুলিশ প্রশাসনের সহ যোগিতা কামনা করা হয়। অত্র দপ্তরের বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে।		
		উপ-প্রকল্পের নামঃ ক্রঃ নং | উন্নয়ন বিষয়ক কমিটির নাম | প্রস্তাবিত উপ-প্রকল্পের নাম ১. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | করোনা মোকাবেলায় স্বাস্থ্য কর্মী, পরিবার পরিকল্পনা মাঠকর্মী ও স্থানীয় জনগনের করণীয় বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচী। ২. | মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা কমিটি | মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষকদের রবার্ট স্কাউট আইন সম্পর্কে সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ। ৩. | যুব ও ক্রীড়া উন্নয়ন বিভাগ | বেকার যুবকদের আন্তকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে মোবাইল সার্ভিসিং বিষয়ক দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ। ৪. | মৎস্য ও প্রাণী সম্পদ বিভাগ | বেকার যুবকদের গবাদি পশুর টিকা প্রদান ও কর্মসংস্থান বিষয়ক প্রশিক্ষণ। ৫. | প্রাথমিক গণশিক্ষা বিভাগ | উপজেলা পরিষদের সংশ্লিষ্ট সরকারী কর্মচারীদের ওয়েব পোর্টাল এবং ই-নথি বিষয়ক প্রশিক্ষণ। ৬. | মহিলা ও শিশু বিষয়ক কমিটি | শিক্ষিত বেকার মহিলাদের আত্ম-কর্মসংস্থান সৃষ্টির জন্য বিউটিফিকেশন বিষয়ক প্রশিক্ষণ।		
		(খ) উপজেলা পরিবার পরিকল্পনা অফিস: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ডাঃ শারমিন রহমান অমি সভায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বিদায় বিষয়ে বিস্তারিত আলোচনা করেন ।তিনি চরশেরপুর স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রের সীমানা এবং প্রতিটি জমি মালিকানা বিষয়ে সচেতন করার পরামর্শ প্রদান করেন ।অফিসের জায়গার বিষয়ে আলোচনায় জানান যে,চরশেরপুর অফিসের পিছনে জায়গার বিষয়ে সহকারী কমিশনা(ভূমি) সহযোগিতা কামনা করেন	সরকারী বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
		(গ) উপজেলাস্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়: উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৫তম জন্মদিন উপলক্ষ্যে কোভিড-১৯ টিকাদান কর্মসূচীতে রেপুর সদর উপজেলায় ১৯,৯৮৭ জনকে ১ম ডোজ টিকা প্রদান করা হয়েছে । উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়ে স্থাপিত স্থায়ী ক্যাম্পে কোভিড-১৯ টিকাদান কার্যক্রম চলমান রয়েছে । এছাড়াও ইউনিয়ন পর্যায়ে বিশেষ টিকাদান ক্যাম্পের কার্যক্রম পর্যায়ক্রমে চলমান রয়েছে । জনগণের মাঝে কোভিড-১৯ বিষয়ে সচেতনতা বৃদ্ধি ও টিকাদান কার্যক্রম সাফল্যমন্ডিত করার জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন ও ভবিষ্যতে এই ধরনের কার্যক্রমের সহযোগিতা কামনা করেন ।	বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত হয়।	উপজেলা স্বাস্থ্য পরিকল্পনা কর্মকর্তা
		ঘ) উপজেলা মৎস্য অফিস উপজেলা মৎস্য কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর জানান যে,আগামী ০৪ অক্টোবর থেকে ২৫ অক্টোবর/২১ পর্যন্ত ২২দিন (মা ইলিশ সংরক্ষণ-২০২১) ইলিশ আহরণ,পরিবহন,বিক্রয়,মজুদ করা যাবে না ।এই কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য গুরুতপূর্ণ বাজার ,আড়ত ও স্থানে ব্যানার স্থাপন,লিফলেট বিতরণ ,মাইকিং করা হচ্ছে । বাজার মনিটরিং টিম গঠন করা হয়েছে । দপ্তরের অন্যান্য কার্যাবলী সরকারী বিধি মোতাবেক সুষ্ঠুভাবে চলছে ।	সরকারী বিধি মোতাবেক সিদ্ধান্ত গৃহীত হয়	উপজেলা মৎস্য কর্মকর্তা
		) উপজেলা শিক্ষা অফিস উপজেলা শিক্ষা কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর জানান যে,দীর্ঘ দিন পরে বিদ্যালয় খোলা হয়েছে। বিদ্যালয়গুলি বন্ধ হওয়ার কোন সম্ভবনা নাই । ছাত্র/ছাত্রী আক্রান্ত হলে আইসলোশনের ব্যবস্থা করা হয়েছে । তাপ মাত্রা মাপার যন্ত্র ক্রয়করে দেয়া হয়েছে । স্বার্থ অন্বেশী মহল যাতে কোন মিথ্যা প্রচার করতে না পারে,এ রকম কোন খবর পাওয়া মাত্র প্রশাসন কে জানাতে হবে ।	সরকারী বিধি মোতাবেক সিদ্ধান্ত গৃহীত হয়	উপজেলা শিক্ষা কর্মকর্তা

		চ) উপজেলা প্রাণিসম্পদ অফিস উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর জানান যে, সেপ্টেম্বর/২০২১ মাসের কার্যক্রম ঃ চলতি মাসে হিমারিত সিমের দ্বারা কৃতিম প্রজনন করা হয়েছে ১৮৭৫টি গাভী ও বকনার। সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ করা হয়েছে, ৭১৩টি । গবাদি প্রাণির টিকা প্রদান ৫৯৩৬টি। হাঁসমুগরির টিকা প্রদান ৬৪,০০০টি । গবাদি প্রাণির চিকিৎসা প্রদান ১৪৫০টি। হাঁস-মুরগির চিকিৎসা প্রদান ২৫,৭০০টি । পোষা প্রাণির চিকিৎসা প্রদান-১০টি । এছাড়া গত ১৯/০৯/২১ তারিখে মৎস্য ও প্রাণি সম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সভায় গবাদিপ্রাণির খুরারোগের টিকা প্রদান। খামারী প্রশিক্ষন এবং উপজেলা প্রাণি সম্পদ দপ্তরে আগত পশু পাখির চিকিৎসারা জন্য একটি ট্রিটমেন্ট শেড নির্মানের জন্য এডিপি থেকে প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় । স্থায়ী কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের অঅরোকে এডিপি থেকে প্রকল্প গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।	সরকারী বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা
		ছ) উপজেলা শিক্ষা অফিস উপজেলা শিক্ষা কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর জানান যে,দীর্ঘ দিন পরে বিদ্যালয় খোলা হয়েছে। বিদ্যালয়গুলি বন্ধ হওয়ার কোন সম্ভবনা নাই । ছাত্র/ছাত্রী আক্রান্ত হলে আইসলোশনের ব্যবস্থা করা হয়েছে । তাপ মাত্রা মাপার যন্ত্র ক্রয়করে দেয়া হয়েছে । স্বার্থ অন্বেশী মহল যাতে কোন মিথ্যা প্রচার করতে না পারে,এ রকম কোন খবর পাওয়া মাত্র প্রশাসন কে জানাতে হবে ।	সরকারী বিধি মোতাবেক সিদ্ধান্ত গৃহীত হয়	উপজেলা শিক্ষা কর্মকর্তা
		জ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর জানান যে,শিক্ষা মন্ত্রনালয় এর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর ও কারিগরি মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী ১ সেপ্টেম্বর-২০২১ খ্রি:তারিখ হতে স্বাস্থ্য বিধি মেনে শ্রেণী কার্যক্রম পরিচালিত হচ্ছে । অফিসের অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান আছে ।	সরকারী বিধি মোতাবেক সিদ্ধান্ত গৃহীত হয়	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
		ঝ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর জানান যে,২০২১-২০২২অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার উন্নয়ন কাবিটা/কাবিখা ,টিআর ১ম পর্যায়ের বরাদ্দ ইতোমধ্যে পাওয়া গিয়াছে । আগামী সপ্তাহে পরিপত্রের নির্দেশনা অনুযায়ী আয়তন এবং জনসংখ্যার ভিত্তিতে নবিভাজন করে বরাদ্দ কার্যক্রম গ্রহণ করব । দুযোর্গ ব্যবস্থাপনা শাখার অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে ।	সরকারী বিধি মোতাবেক সিদ্ধান্ত গৃহীত হয়	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
		(ঞ) উপজেলা যুব উন্নয়ন অফিস উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর জানান যে, যুব উন্নয়ন অধিদপ্তর বেকার যুবদের দক্ষতা মূলক প্রশিক্ষণ ও তাদের আত্ন কর্মসংস্থানে যুব ঋন প্রদান করে থাকে । অত্র সেপ্টেম্বর মাসে ৭ জন প্রশিক্ষিত যুবককে৪,৫৫,০০০/-(চার লক্ষ পঞ্চান্ন হাজার)টাকার যুব ঋনপ্রদান করা হয়েছে এবং ৩০ জনের ১টি ব্যাচে যুব প্রশিক্ষণ প্রদান করা অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।	সরকারী বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়	উপজেলা যুব উন্নয়ন অফিসার
		ট) উপজেলা সমাজ সেবা অফিস উপজেলা সমাজ সেবা অফিসার, শেরপুর সদর, শেরপুর জানান যে,শেরপুর সদর উপজেলার মৃত,নিরুদ্দেশ,অযোগ্য বয়স্ক,বিধবা,প্রতিবন্ধি ভাতা ,প্রতিবন্ধি শিক্ষা উপবৃত্তি,অনগ্রসর ভাতা,অনগ্রসর শিক্ষা উপবৃত্তির তালিকা ইউনিয়ন কমিতটির রেজুলেশনসহ দ্রুত প্রদানের জন্য আবারো সকল চেয়ারম্যানকে অনুরোধ জানানো হলো । ২০২১-২২ অর্থ বছরে অতিরিক্ত প্রতিবন্ধি ভাতাভোগীর তালিকা ইউনিয়ন কমিটির রেজুলেশনসহ উপজেলা সমাজসেবা কার্যালয়ে দ্রুত প্রেরণের জন্য অনুরোধ করা হয় ।	সরকারী বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়	উপজেলা সমাজ সেবা অফিসার শেরপুর সদর,
		ঠ) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর জানান যে,অপ্রধান শস্য উন্নয়ন প্রক্রিয়াজাত করণ ও বাজার জাতকরন প্রকল্পের আওতায় দুইটি ব্যাংকের প্রশিক্ষণের বাজেট প্রদত্ত হয়েছে । যারা অপ্রধান শস্য চাষ করে এবং উক্ত প্রকল্পের দলভূক্ত সদস্য তাদের মধ্যে হতে দুই ব্যাচে ৮০ জন সদস্যকে প্রশিক্ষণ প্রদান করা হবে । এছাড়া বিভাগীয়	সরকারী বিধি মোতাবেক সিদ্ধান্ত গৃহীত হয়	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

	বিবিধ	(১)চেয়ারম্যান রৌহা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান,রৌহা ইউনিয়ন পরিষদ জানান গ্রামীন অবকাঠামো খাতে বরাদ্দকৃত ৫০ কোটি টাকা হতে হাজী বাড়ী রাস্তার প্রকল্পটিব কাজ করার জন্য প্রকল্পের প্রস্তাব করেন ।	সরকারী বিধি মতে ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়	চেয়ারম্যান রৌহা ইউনিয়ন পরিষদ
		(২)চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) বাজিতখিলা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান(ভারপ্রাপ্ত) বাজিতখিলা ইউনিয়ন পরিষদ মাননীয় হুইপ মহোদয়ের দৃষ্টি আকর্ষন করে একটি রাস্তা রাস্তাটি আমীল আলী সরকার স্বরনে নাম করণ করার প্রস্তাব করেন । একই সাথে বাজিতখিলা ইউনিয়ন ভূমি অফিসটি ইউনিয়ন পরিষদ ভবনের পার্শ্বে করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন । অফিসগুলি সংরক্ষনের জন্য বাউন্ডারী ওয়াল করার জন্যও অনুরোধ করেন ।	সরকারী বিধি মতে ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়	চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) বাজিতখিলা ইউনিয়ন পরিষদ
		(৩)চেয়ারম্যান বেতমারী-ঘুঘুরাকান্দি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবেতমারী-ঘুঘুরাকান্দি ইউনিয়ন পরিষদ সভায় জানান যে,সাবেক উপজেলা ভাইচ চেয়ারম্যান তার বাড়ী যাওয়ায় জন্য একটি রাস্তা পাকা করার প্রস্তাব করেন । রাস্তাটি মেরামক হলে উক্ত এলাক্র জনগণের ইডকৃত হবি ।	সরকারী বিধি মতে ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান বেতমারী-ঘুঘুরাকান্দি ইউনিয়ন পরিষদ
		(৩)চেয়ারম্যান ভাতশালা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান,ভাতশালা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, গ্রামের মানুষকে করোনা টিকা দেয়ার বিষয়ে বিস্তারিত অঅলোচনা করেন ।	সরকারী বিধি মতে ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান পাকুড়িয়া ইউনিয়ন পরিষদ
		(৩)চেয়ারম্যান পাকুড়িয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান,পাকুড়িয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, গ্রাম পুলিম নিয়োগের বিষয়ে বিস্তারিত আলোচনা করে এবং গ্রাম পুলিশ নিয়োগ করা বিশেষ প্রয়োজন ।	সরকারী বিধি মতে ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান ভাতশালা ইউনিয়ন পরিষদ
		(৫)উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর বক্তব্য ঃ উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, শেরপুর সদর, শেরপুর জানান যে, তাদের অফিস সহায়ক নিয়োগের বিষয়ে , নারী উন্নয়ন ফোরামের ৩% অর্থ এবং উপজেলা পরিষদের কার্যক্রমে সমন্বয়ের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন ।	সরকারী নীতিমালা মতে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়	সংশ্লিষ্ট সকল
		(৫)উপজেলা ভাইস চেয়ারম্যান এর বক্তব্য ঃ উপজেলা ভাইস চেয়ারম্যান, শেরপুর সদর, শেরপুর জানান যে, তিনি অফিস সহায়ক নিয়োগ বিষয়ে দ্রুত বাস্তবায়ন করার জন্য অনুরোধ করেন । উপজেলা পরিষদের কার্যক্রমের বিষয়ে বিস্তারিত অঅলোচনা করেন।	সরকারী নীতিমালা মতে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়	সংশ্লিষ্ট সকল
		উপজেলা নির্বাহী অফিসার এর বক্তব্য ঃ উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর সদর, শেরপুর সভায় জানান যে, উন্নয়ন প্রকল্পে অনুমোদিত প্রকল্পের কার্যক্রমসমুহ আন্তরিকতার সাথে বাস্তবায়নের জন্য অনুরোধ করেন। প্রতিটি বিভাগীয় কার্যক্রম এর বিষয়ে বিস্তারিত আলোচনা করেন ।		সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানগণ

মাননীয় হুইপ মহোদয়ের বক্তব্য ঃ

মাননীয় হুইপ মহোদয় সভায় সংযুক্ত সকলকে জানান যে,সরকারী বীজগুলি ডিলারের মাধ্যমে না দিয়ে সরকারী অফিসের মাধ্যমে দেয়ার জন্য প্রস্তাব করেন । আনোয়ার মুক্তিযোদ্ধা এর রাস্তাটি উপজেলা কৌশলীকে সরেজমিনে দেখে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন । ভিজিডি গুলি প্রতিষ্ঠানে দেয়ার পরামর্শ প্রদান করেন ।৫৮ লক্ষ টাকা সংস্কার কাজে জেনারেল বরাদ্দ তিনি আসবাব পত্র দেয়ার পরামর্শ প্রদান করেন । এডিপি প্রকল্প দেয়া হয়েছে ।ভাইস চেয়ারম্যানদের প্রকল্প দেয়ার অনুরোধ করেন । পিয়ন নিয়োগের প্রয়োজন,প্রতিটি ইউ.পি গুরুত্বপূর্ণ রাস্তাগুলির তালিকা করার জন্য অনুরোধ করেন । বাজিতখিলা ইউনিয়নের রাস্তাটি আমীর আলী সরকার স্বরনে রাস্তা করার অনুরোধ করেন ।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতির বক্তব্য ঃ

শেরপুর সদর ৫ম উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান ও সভাপতি শেরপুর সদর উপজেলা পরিষদ মাসিক সভা, জনাব মোঃ রফিকুল ইসলাম সভায় উপস্থিত বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আতিউর রহমান আতিক, মাননীয় হুইপ,বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় সংসদ সদস্য, মহোদয় অত্র সভায় সংযুক্ত থাকায় তাকে স্বাগত জানান । তিনি সকল অফিসারদের কে জনসাধারণের সংগে ভাল ব্যবহার কার জন্য অনুরোধ করেন । আদর্শ গ্রামের জমি দখল বিষয়ে মামলা না করে দেখার জন্য অনুরোধ করেন । জমি দস্যদের দিকে সজাগ দৃষ্টি রাখার পরামর্শ প্রদান করেন । ছাত্র/ছাত্রীদে বখাটে ছেলেরা হয়রানি না করে ,সে দিকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ করেন । উপজেলা প্রকৌশলীকে picগুলি দ্রুত ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করেন । অফিসারগণ উপজেলা চেয়ারম্যান এর সাথে পরামর্শ করে কাজ করার জন্য অনুরোধ করেন ।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন

(মোঃ রফিকুল ইসলাম)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শেরপুর সদর, শেরপুর ।
ও
সভাপতি
উপজেলা পরিষদ,মাসিক সভা
শেরপুর সদর,শেরপুর

স্মারক নং- ০৫.৪৫.৮৯৮৮.০০০.০০১.২১-৫৭৯
তারিখঃ ৩০/০৯/২০২১ খ্রিঃ

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে ঃ

১। জনাব মোঃ আতিউর রহমান আতিক, মাননীয় হুইপ, জাতীয় সংসদ বাংলাদেশ ও মাননীয় সংসদ সদস্য, ১৪৩শেরপুর-১ নির্বাচনী এলাকা ও উপদেষ্টা উপজেলা পরিষদ, শেরপুর সদর, শেরপুর ।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পলী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৪। কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। জেলা প্রশাসক, শেরপুর।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শেরপুর সদর, শেরপুর
৭। ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শেরপুর সদর, শেরপুর ।
৮। উপজেলা..... অফিসার, শেরপুর সদর, শেরপুর।
৯। চেয়ারম্যান.....ইউ,পি, (সকল) শেরপুর সদর, শেরপুর।
১০। অফিস কপি ।

(মোহাম্মদ ফিরোজ আল মামুন)
উপজেলা নির্বাহী অফিসার
শেরপুর সদর, শেরপুর।
ফোনঃ ০৯৩১-৬১৩২৯ (অফিস)
ইমেইল: unosherpur@mopa.gov.bd